রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ০৬, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়,

বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

প্রজ্ঞাপন

তারিখ, ২১ ফাল্গুন ১৪০৯ বাং/০৫ মার্চ ২০০৩ইং

এস, আর, ও নং- ৬৩-আইন/২০০৩ ।— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগ ঃ (১) এই বিধিমালা হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৩ নামে অভিহিত হইবে ।

(২) ইহা ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন অভ্যন্তরীণ নিরীক্ষার কাজে নিয়োজিত হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরে কর্মরত সকল সার্বক্ষণিক কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

মূল্য ঃ টাকা ৩·০০

২। সংজ্ঞা ।— বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) ''কমিশন'' অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন ;

(খ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(গ) ''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা ;

(ঘ) ''পদ'' অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ ;

(ঙ) ''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা ;

(চ) ''শিক্ষানবিশ'' অর্থ কোন নির্ধারিত পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ছ) ''স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়'' বা ''স্বীকৃত বোর্ড'' অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে ।

৩। **নিয়োগ পদ্ধতি** ।— (১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা যাইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে ; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে ।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় ।

৪। **সরাসরি নিয়োগ** ।— (১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না ।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না ।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন ।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড, অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন ।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ** ।— (১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ।

(২) ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণীর কোন পদে এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর কোন পদে পদোন্নতির ক্ষেত্রে কমিশনের সুপারিশের ভিত্তিতে নিয়োগ করিতে হইবে ।

(৩) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না ।

৬। **শিক্ষানবিস** ।— (১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, চাকুরীতে যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয় ।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই,সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্ত শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন ।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহা সহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধির (৪) এর বিধান সাপেক্ষ, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন ; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন ।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন ।

৭। **রহিতকরণ ও হেফাজত** ।— (১) নিম্নবর্ণিত বিধিমালাসমূহ এতদ্বারা রহিত করা হইল, যথা ঃ—

(ক) Controller of Accounts (Internal Audit Organisation of the Land Administration and Land Reforms Division) Recruitment Rules, 1977;

(খ) Officers and Employees [Internal Audit Organisation of the Office of the Controller of Accounts (Rev.) under Ministry of Land Administration and Land Reforms] Recruitment Rules, 1984.

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও সংশ্লিষ্ট বিধিমালাসমূহের অধীন কৃত কার্যাবলী ও গৃহীত ব্যবস্থা অত্র বিধিমালার অধীন কৃত কার্য ও গৃহীত ব্যবস্থা বলিয়া গণ্য হইবে ।

তফসিল

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধিতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
১।	হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)	..	পদোন্নতির মাধমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	**সরাসরি নিয়োগ ঃ** সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) পদে ৮ (আট) বৎসরের চাকুরী। **প্রেষণে নিয়োগ ঃ** মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়ের অধীন উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক বা সমপদের কোন কর্মকর্তা।
২।	সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)	..	পদোন্নতির মাধ্যমে।	বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণসহ হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) পদে ৭ (সাত) বৎসরের চাকুরী।
৩।	হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব)	..	পদোন্নতির মাধ্যমে।	বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণসহ নিরীক্ষক (রাজস্ব) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
৪।	নিরীক্ষক (রাজস্ব)	৩০ বৎসর	(ক) ২০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতি ঃ** বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণসহ নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগ ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য স্নাতক ডিগ্রী; তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।